
# ভোট গণনায় স্বচ্ছতা নিশ্চিত করেছে নির্বাচন কমিশন: সিইসি



ছবি: সংগৃহীত

নির্বাচন কমিশন ভোট গণনায় স্বচ্ছতা নিশ্চিত করেছে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। তিনি বলেন, কোনো ধরনের অনিয়ম, বিতর্ক বা অভিযোগ আইনের নিয়ম অনুযায়ী সমাধান হবে।

বুধবার (১১ ফেব্রুয়ারি) সকালে হোটেল ইন্টারকন্টিনেন্টালে নির্বাচন পর্যবেক্ষক ও সাংবাদিকদের সঙ্গে এক ব্রিফিংয়ে সিইসি জানান, কমিশন যেকোনো অনিয়মের বিষয় কঠোরভাবে তদারকি করবে। তিনি আরও বলেন, নির্বাচন সুষ্ঠু, অংশগ্রহণমূলক এবং গ্রহণযোগ্য করার জন্য ইসি প্রতিশ্রুতিবদ্ধ।

আগামীকাল বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সারাদেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট অনুষ্ঠিত হবে। সকাল ৭:৩০ থেকে বিকেল ৪:৩০ পর্যন্ত ২৯৯টি সংসদীয় আসনে ভোটগ্রহণ হবে স্বচ্ছ ব্যালট বাক্সে ব্যালট পেপারের মাধ্যমে।

LENS ASIA